



Department of Accounting
Dhaka College, Dhaka-1205, Bangladesh

Tel: +88-02-9672725, Cell: +8801550028421
Web: <http://www.dhakacollege.edu.bd>
E-mail: acc.dc.dhaka@gmail.com
Facebook Page: Department of Accounting, Dhaka College.

Ref:

Date ...০২/০৬/২০২৬

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিভাগের বিবিএ ৩য় বর্ষ, ৪র্থ বর্ষ এবং এমবিএ এর শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, যে সকল ছাত্র NBR (জাতীয় রাজস্ব বোর্ড) এর ডাবল এন্ট্রি প্রজেক্ট এ প্রশিক্ষণ গ্রহণ এবং খণ্ডকালীন কাজ করতে আগ্রহী তাদেরকে আগামী ১১/০৬/২০২৬ তারিখের মধ্যে বিভাগীয় অফিসে আবেদন করার জন্য বলা হলো। উল্লেখ্য যে, ডাবল এন্ট্রি প্রজেক্ট এ অংশগ্রহণ করলে Taxation Theory and Practice কোর্স অধ্যয়ন করে শ্রেণিকক্ষে অর্জিত তাত্ত্বিক জ্ঞান বাস্তব ক্ষেত্রে প্রয়োগের জন্য শিক্ষার্থীরা ট্যাক্সেশন, ডাটা এন্ট্রি, ডাবল এন্ট্রি সিস্টেম, অনলাইনে ট্যাক্স রিটার্ন জমা তথা কর্মমুখী শিক্ষা ও বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ পাবে।

০২/০৬/২৬

(অধ্যাপক মুহাম্মদ শফিকুল ইসলাম)
বিভাগীয় প্রধান, হিসাববিজ্ঞান
ঢাকা কলেজ, ঢাকা।

সংযুক্ত : সংশ্লিষ্ট কর্তৃপক্ষের চিঠি।

তারিখ: ০২ জুন ২০২৬

বরাবর
মাননীয় অধ্যক্ষ
ঢাকা কলেজ
ঢাকা।


ক্যাডামিক ও টেকনিক্যাল
আইডি নং: ০১০৪
অধ্যক্ষ
ঢাকা কলেজ, ঢাকা-১২০৫

দৃষ্টি আকর্ষণঃ চেয়ারম্যান, হিসাববিজ্ঞান বিভাগ, ঢাকা কলেজ, ঢাকা।


বিষয়ঃ এনবিআর (NBR)-এর "ডাবল এন্ট্রি প্রজেক্ট"-এ হিসাববিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের হাতে-কলমে প্রশিক্ষণ ও ষষ্ঠকালীন কাজের সুযোগ প্রদানের অনুমতি প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহিত সন্মান প্রদর্শনপূর্বক সর্বিনয় নিবেদন এই যে, আমি "জেটা ডাটা"-এর পক্ষ থেকে আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, আমাদের একাডেমি শিক্ষার্থীদের কারিগরি, পেশাগত ও বাস্তবমুখী দক্ষতা উন্নয়নে কাজ করে যাচ্ছে। সম্প্রতি আমরা জাতীয় রাজস্ব বোর্ড (NBR)-সংশ্লিষ্ট একটি গুরুত্বপূর্ণ "ডাবল এন্ট্রি প্রজেক্ট" নিয়ে কাজ করছি। প্রকল্পটি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে আগামী দুই মাসের জন্য আমাদের বিশ (২০) জন একনিষ্ঠ, দায়িত্বশীল ও মেধাবী শিক্ষার্থীর প্রয়োজন, যারা কাজের মাধ্যমে হাতে-কলমে শিখতে পারবে এবং একই সঙ্গে প্রকল্পে কার্যকর অবদান রাখতে পারবে।

আমরা অবগত আছি যে, আপনার স্বনামধন্য কলেজের হিসাববিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের পাঠ্যক্রমে Taxation in Bangladesh/ Taxation Theory and Practice বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। শ্রেণিকক্ষে অর্জিত এই তাত্ত্বিক জ্ঞান বাস্তব ক্ষেত্রে প্রয়োগের জন্য আমাদের প্রকল্পটি শিক্ষার্থীদের জন্য একটি কার্যকর প্র্যাকটিক্যাল হতে পারে। এর মাধ্যমে শিক্ষার্থীরা ট্যাক্সেশন, ডাটা এন্ট্রি, ডাবল এন্ট্রি সিস্টেম এবং সংশ্লিষ্ট দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ পাবে। বর্তমান সময়ে শিক্ষাব্যবস্থায় ইভলিউশন-আকাডেমিয়া লিংকডে এবং কর্মমুখী শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব প্রদান করা হচ্ছে। শিক্ষার্থীরা শিক্ষাজীবনেই বাস্তব কাজের অভিজ্ঞতা অর্জন করার পাশাপাশি এ প্রকল্পে অংশগ্রহণের মাধ্যমে একটি সম্মানজনক উপার্জনের ব্যবস্থা করতে পারবে। এই কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে আপনার কলেজের শিক্ষার্থীরা পেশাগত দক্ষতা বৃদ্ধি, সিডি সমৃদ্ধকরণ, বাস্তবভিত্তিক কর ও হিসাববিজ্ঞান জ্ঞান অর্জন, কর্পোরেট ও পেশাগত নেটওয়ার্কিং এবং ভবিষ্যৎ কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির মতো গুরুত্বপূর্ণ সুবিধা লাভ করবে। শিক্ষাজীবন শেষ হওয়ার আগেই বাস্তব কাজের অভিজ্ঞতা অর্জনের ফলে তাদের জীবনব্যাপ্ত অধিক সমৃদ্ধ ও আকর্ষণীয় হবে এবং ভবিষ্যৎ কর্মজীবনের জন্য আরও ভালোভাবে প্রস্তুত হতে পারবে। এ ছাড়া বিভিন্ন পেশাদার ব্যক্তি ও প্রতিষ্ঠানের সঙ্গে কাজের সুযোগ তাদের নেটওয়ার্কিং দক্ষতা বৃদ্ধি করবে এবং এনবিআর-সংশ্লিষ্ট প্রকল্পে কাজের অভিজ্ঞতা শিক্ষার্থীদের পেশাগত আস্থাভিত্তিক ও কর্মদক্ষতা বৃদ্ধি করবে।

অতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা, আপনার কলেজের হিসাববিজ্ঞান বিভাগের আগ্রহী শিক্ষার্থীদের আমাদের "ডাবল এন্ট্রি প্রজেক্ট"-এ অংশগ্রহণের সুযোগ প্রদানে আপনার সদয় অনুমতি ও সার্বিক সহযোগিতা কামনা করছি।

বিনীত নিবেদক
Zeta Data

Proprietor

তানুবা তাজরীন শাহন
স্বত্বাধিকারী
জেটা ডাটা
মোবাইলঃ ০১৫১৫৬৬৮৯৭০
ইমেইলঃ zetadata.business@gmail.com

Iktihar Technical Academy


Proprietor

শাহ ইকতিয়ার আলম
স্বত্বাধিকারী
ইকতিয়ার টেকনিক্যাল একাডেমি
মোবাইলঃ ০১৬৮৫৪৫৬৪০০
ইমেইলঃ academy@iktihar.com.bd

অনুলিপিঃ

- ১। উপাধ্যক্ষ, ঢাকা কলেজ, ঢাকা।
- ২। চেয়ারম্যান, হিসাববিজ্ঞান বিভাগ, ঢাকা কলেজ, ঢাকা।

সংযুক্তিঃ